কোটচাঁদপুরে এএস আই তৌফিকের বিরুদ্ধে টাকা নিয়ে আসামি ছেড়ে দেয়ার অভিযোগ

কোটচাঁদপুর থানার সহউপপরিদর্শক (এএসআই) তৌফিকের বিরুদ্ধে মাদক সেবীদের ধরে টাকা নিয়ে ছেড়ে দেয়ার অভিযোগ থাকলেও ব্যবস্থা নেয়নি সংশ্লিষ্টরা। তবে ঘটনার সঙ্গে তাঁর সম্পৃক্ততা নাই বলে দাবি করেছেন,ওই কর্মকর্তা। বিষয়টি জেনেছি তদন্ত করে ব্যবস্থা নেয়া হবে বললেন থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন।

জানা যায়,গেল ৭ এপ্রিল (শনিবার) সন্ধ্যা রাতে কোটচাঁদপুর সুইপার পাড়া থেকে গাঁজা কেনার সময় হাতে-নাতে ধরেন তিন জন মাদক সেবীকে। এরা হলেন,আরিফ হোসেন, রিপন হোসেন ও আলামিন হোসেন। তাদের বাড়ি মহেশপুরের আলমপুর গ্রামে। ওই তিন জনকে আটকের পর সারারাত তাদেরকে থানা হাজতে রাখেন ওই কর্মকর্তা।

পরের দিন রবিবার সকালে ছেড়ে দেন আলামিন ও রিপন হোসেনকে। আর আদালতে পাঠান আরিফ হোসেন কে। বিষয়টি নিয়ে ওই সময় বেশ কয়েকটি পত্রিকা ও অনলাইনে সংবাদ ও প্রকাশিত হয় তৌফিকের বিরুদ্ধে। এরপরও বহাল তবিয়তে রয়েছেন তিনি থানায়।

এরপর গেল মঙ্গলবার (১৪ মে) তারিখে দুপুর বেলা কোটচাঁদপুরের বলুহর সড়কের ময়লাপোতা নামকস্থান থেকে মাদক সেবী আতিয়ার রহমান ফকির ও আমির হোসেনকে আটক করেন থানার এএসআই তৌফিক হোসেন।

এরপর তাদের কাছ থেকে দশ হাজার টাকা নিয়ে ছেড়ে দেয়ার অভিযোগ উঠেছে ওই কর্মকর্তার বিরুদ্ধে। এ ছাড়া তিনি কোটচাঁদপুর থানায় যোগদানের পর থেকে বেশ কিছু মটর সাইকেল আরোহী কাগজ পত্র পরিক্ষা নিরিক্ষার কথা বলে টাকা নেন। এরপর তাদের মটর সাইকেল ছেড়ে দেন বলে জানা গেছে।

তবে ওই সব ঘটনার সঙ্গে তাঁর কোন সম্পৃত্ততা নাই বলে দাবি করেছেন তিনি। এএসআই তৌফিক বলেন,আমি কোন মাদক সেবী আটক করি নাই। এ ছাড়া কারোর কাছ থেকে টাকা নেয়নি।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-

মামুন বলেন,ঘটনাটি শুনেছি। আমার জানামতে তৌফিক তাদের কাছ থেকে ৫ হাজার টাকা নিয়েছেন। এ ব্যাপারে তদন্ত করা হচ্ছে। তদন্তের পর ব্যবস্থা নেয়া হবে।

ঝিনাইদহে স্বপ্নচারু একাডেমি অফ ফাইন আর্টসে চিত্রাংকন প্রতিযোগিতা

“স্বপ্ন যখন ভেসে বেড়ায় ধরবে বল কে ! “স্বপ্ন দেখে ক্ষুদে শিল্পী হবে সেরা আঁকিয়ে” এ শ্লোগানে ঝিনাইদহে স্বপ্নচারু একাডেমি অফ ফাইন আর্টস আয়োজিত সেরা আঁকিয়ে আউটডোরে চিত্রাংকন প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শহরের প্রান্তিক সাংস্কৃতিক পল্লী ও শিশু পার্কে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ছোট্ট ছোট্ট সোনামণিদের অংশগ্রহণে অনেক সুন্দর একটি সেরা আঁকিয়ে আউটডোর সরাসরি পরিবেশকে দেখে রং তুলিতে ফুটিয়ে তুলতে ব্যস্ত একদল ক্ষুদে শিল্পী। তাদের চোখ স্বপ্ন দেখে না, স্বপ্ন আঁকা শেখে।

এ উপলক্ষে সদর উপজেলার হাটগোপালপুর শাহজালাল ইসলামী ব্যাংকের ব্যবস্থাপক এটি এম সামসুজ্জামানের সভাপতিত্বে ও স্বপ্নচারু একাডেমি অফ ফাইন আর্টসের পরিচালক শাহিন চারুদেশ’র পরিচালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ।

সে সময় অত্র প্রতিষ্ঠানের পরিচালক শাহিন চারুদেশ বলেন, এ ধরনের চিত্রাংকন আয়োজন আমাদের শিশুর মননশীল চিন্তা শক্তিকে বেগবান করতে ও সামাজিক মুল্যবোধ সৃষ্টির জন্য খুবই গুরুত্বপূর্ণ বহন করে শিশুর মননশীল চিন্তা চেতনাকে জাগ্রত করতে আমাদের সমাজে লেখাপড়ার পাশাপাশি এ ধরনের আয়োজন প্রয়োজন এতে আমাদের যুবসমাজ কে সঠিক পথে পরিচালনা করতে সহায়তা করবে যাতে আমাদের সমাজে মাদকের মাদকাসক্তি অন্যায়মূলক কর্মকান্ড থেকে সমাজ পরিবর্তনে বিশেষ

ভূমিকা রাখবে। তিনি বলেন আগামীতে এ ধরনের আয়োজন আরো করবেন। অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন অতিথিরা ।

ঝিনাইদহে কৈশোর মেলা সাংস্কৃতিক অনুষ্ঠান

“কৈশোর কর্মসূচি, মেধা ও মননে সুন্দর আগামী” এ শ্লোগানে ঝিনাইদহে উপজেলা পর্যায়ে কৈশোর মেলা মেরাথন দৌড় সাংস্কৃতিক অনুষ্ঠান ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার দুপুরে শহরের পবহাটী বলফিল্ডে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় সৃজনী ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সোহেলী পারভীনের সভাপতিত্বে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা পরিষদ চেয়ারম্যান ও বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি ঝিনাইদহ শাখার চেয়ারম্যান এম. হারুন অর রশীদ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সৃজনী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) অধ্যাপক মোঃ সারাফত হোসেন, সৃজনী ফাউন্ডেশনের ব্যবস্থাপক (অর্থ) অর্জুন কুমার মজুমদার, কৈশোর কর্মসূচির ফোকাল পার্সন এস এম শান্তনুর রহমান। সেসময় সদর উপজেলার ১৭ টি ইউনিয়নের কৈশোর কর্মসূচি ক্লাবের সভাপতি, সাধারণ সম্পাদক, সদস্যবৃন্দসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে দু’পক্ষের সংঘর্ষে আহত ২১, ইউপি সদস্যসহ আটক ৫

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সামাজিক দ্বন্দ্বের জেরে সাবেক ও বর্তমান ইউপি সদস্যের সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে কমপক্ষে ২১ জন আহত হয়েছে। এ ঘটনায় জড়িত বর্তমান ইউপি সদস্য কুরবান (৪৮)সহ ৫ জনকে আটক করেছে হরিণাকুণ্ডু থানা পুলিশ।

আজ শনিবার (১৮মে) সকালে উপজেলার কাপাশাটিয়া ইউনিয়নের পোলভাতুড়িয়া গ্রামে এই ঘটনা ঘটে। খবর পেয়ে হরিণাকুণ্ডু থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এ ঘটনায় আহতরা হলেন ওই এলাকার ইসরাইল হোসেনের ছেলে হাশেম কাজী (৩৫), হাশর কাজী (৩০), আব্দুলের ছেলে করিম (৫২), মক্কেলের ছেলে পানু (১৯), আনসার কাজীর ছেলে লতিফকাজী (৪২), আবু তালেবের ছেলে রাহুল (১৮), মৃত সিফাতের ছেলে আব্দুল গণি (৭০), সমশের কাজীর ছেলে নজরুল কাজী (৪৮) মৃত সোহরাবের ছেলে মধু (৪৬), বাসারেতের ছেলে শহিদুল (৫৫), মৃত মজিবারের ছেলে বিল্লাল এবং মিন্টু, বজলু (৪০), রেশমা (৩৫), জগেশ (২৮), রায়হান(৪২)সহ অজ্ঞাত আরো ১২ জন।

আহতদের মধ্যে ৯ জনকে উদ্ধার করে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে ইসরাইল কাজীর ছেলে হাসেম কাজীর অবস্থা গুরুতর হওয়ায় তাঁকে কুষ্টিয়া সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

বাকি ১১ জনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। সেখানে বিল্লাল ও মিন্টুর অবস্থার অবনতি হলে তাদের ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়।

পুলিশ ও স্থানীয় সুত্রে জানা যায়, গত ১১মে উপজেলার পোলভাতুড়িয়া গ্রামের চেরাক আলী মন্ডলের ছেলে আজিবর রহমানের বাড়ির বৃষ্টির পানি প্রতিবেশী মশিউর কাজীর উঠান দিয়ে খালে বের করা নিয়ে কথা- কাটাকাটি হয়। একপর্যায়ে তারা সংঘর্ষে লিপ্ত হয়। এতে উভয়পক্ষের ৭ জন আহত হয়েছিল। এ ঘটনায় থানায় মামলাও হয়েছে। পরে স্থানীয় চেয়ারম্যান উভয়পক্ষের সম্মতিতে বিষয়টি মীমাংসা করে। এর জের ধরে

আজ শনিবার সকালে সাবেক মেম্বারের সমর্থক হাশেম কাজী ও তার ভাইয়েরা বাড়ির পার্শ্ববর্তী মাঠ এলাকায় ধান গোছানোর কাজ করতে গেলে প্রতিপক্ষ বর্তমান ইউপি সদস্য কুরবান মেম্বরের দুই ভাই দেশীয় অস্ত্র নিয়ে সাবেক মেম্বরের লোকজনের ওপর অতর্কিত হামলা করে। এসময় হাশেম কাজী ও হাসর কাজীকে দা দিয়ে কুপিয়ে আহত করে। পরে ঘটনাটি এলাকায় ছড়িয়ে পড়লে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ বাধে।এতে উভয় পক্ষের ২১ জন্য আহত হয়। খবর পেয়ে পুলিশ ঘটনাথানে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে পুলিশ ও স্থানীয়রা আহতদের উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। আহত মশিয়ারের সমর্থকরা এব্যাপারে স্থানীয় ইউপি চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু কে ইন্ধনদাতা হিসেবে আখ্যায়িত করেছেন। তারা বলেন ইউপি চেয়ারম্যান ইচ্ছা করেই এই দ্বন্দ্ব জিইয়ে রেখেছেন। তিনি ইচ্ছা করেই কুরবান মেম্বরের দিয়ে এগুলো করিয়ে থাকেন।

স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু বলেন, কয়েকদিন আগে বৃষ্টির পানি বের করাকে কেন্দ্র করে দুই প্রতিবেশীর মধ্যে একটা ঝামেলা হয়। ওই ঘটনা নিয়ে আজ সকালে তারা দু’পক্ষই সংঘর্ষে লিপ্ত হয়। এতে অনেকে হতাহত হয়েছে। সবাইকে উদ্ধার করে জেলা ও উপজেলার বিভিন্ন সরকারি হাসপাতালে পাঠানো হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জিয়াউর রহমান বলেন, দু’পক্ষের সংঘর্ষে অনেকে আহত হয়েছেন। ঘটনার সঙ্গে জড়িত ইউপি সদস্য কুরবান আলীসহ ৫ জনকে আটক করা হয়েছে এবং মামলা প্রক্রিয়াধীন রয়েছে বলেও তিনি জানান।

ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের শ্রমিক-কর্মচারীদের বিক্ষোভ

চাকরী স্থীকরণের দাবিতে ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের শ্রমিক-কর্মচারীরা বিক্ষোভ সমাবেশ করেছে।

আজ বৃহস্পতিবার সকাল ৮টায় মিলের প্রধান ফটকে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশ থেকে তারা অনিদ্দিষ্টকালের জন্য কর্মবিরতী ঘোষণা করেন।

১৫ মে বাংলাদেশ চিনি ও খাদ্য শস্য করপোরেশনের সচিব চৌধুরী রুহুল আমিন কায়সার স্বাক্ষরিত এক অফিস আদেশে স্থায়ী নিয়োগ প্রক্রিয়া স্থগিতের আদেশ দেন। এ সংবাদ মিল এলাকায় পৌছালে শ্রমিকদের মধ্যে অসন্তোষ দেখা দেয়। শ্রমিকরা জরুরী গেট মিটিং এর ডাক দিয়ে বিক্ষোভ সমাবেশ করেন।

সমাবেশে উপস্থিত ছিলেন, মোবারকগঞ্জ সুগার মিল শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি গোলাম রসুল, সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম, সহ-সম্পাদক সাইদুর রহমান পিকুসহ অন্যান্য কর্মচারীরা।

মৌসুমী থেকে স্থায়ীকরণের নিয়োগ স্থগিতের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে ঝিনাইদহের মোবারকগঞ্জ সুগার মিলের শ্রমিক-কর্মচারীরা।

বক্তারা বলেন, মোবারকগঞ্জ সুগার গিলে গত প্রায় ১২ বছর ধরে শ্রমিক কর্মচারীরা চুক্তিভিক্তিক ও মৌসুমী হিসাবে কাজ করে আসছেন। অভিজ্ঞ এসব শ্রমিকদের স্থায়ীকরণের জন্য বুধবার নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

এদিন বিকালে অদৃশ্য কারণে সেই নিয়োগ স্থগিতের আদেশ দেয় শিল্প মন্ত্রনালয়। এতে অর্ধশত শ্রমিকের নিয়োগ প্রক্রিয়া অনিশ্চিত হয়ে পড়ে। তবে, ঈদুল আযহার আগে এই স্থগিতাদেশ প্রত্যাহার না করা হলে কঠোর কর্মসূচীর হুশিয়ারি দেন বক্তারা।

মোবারকগঞ্জ সুগার মিল শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি গোলাম রসুল জানান, দীর্ঘ প্রায় ১২ বছর এ মিলে প্রায় শতাধিক কর্মচারী চুক্তিভিত্তিক কাজ করে যাচ্ছে। দীর্ঘ প্রক্রিয়া শেষে বুধবার শ্রমিকদের নিয়োগ, পদন্নতি ও স্থায়ীকরণের জন্য পরীক্ষা অনুষ্ঠিত হয়। কিন্তু অজানা কারনে হেড অফিস থেকে নিয়োগ প্রক্রিয়া স্থগিত করেছে। এর ফলে মিল এলাকায় শ্রমিকদের মধ্যে চরম অসন্তোষ দেখা দিয়েছে। এখনি নিয়োগ প্রক্রিয়া শেষ করা না হলে আসছে মাড়াই মৌসুমে মিল চালানো অসম্ভব হয়ে পড়বে। যে কারনে শ্রমিকদের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন না করলে ঈদুল আযহার পর মিলে সমস্ত কার্যক্রম বন্ধ করে দেওয়ার ঘোষনাও দেন এ শ্রমিক নেতা।

ঝিনাইদহে আলফা লাইফ ইন্সুরেন্সে ম্যানেজার’স কনফারেন্স অনুষ্ঠিত

ঝিনাইদহে আলফা ইসলামী লাইফ ইন্সুরেন্সের ম্যানেজার’স কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১৫ মে) সকাল থেকে ঝিনাইদহ আলফা ইসলামী লাইফ ইন্সুরেন্সের সেলস্ অফিসের হলরুমে এই কনফারেন্স ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেনে প্রতিষ্ঠানের সিইও কাম ম্যানেজিং ডিরেক্টর নুরে আলম সিদ্দিকী অভি।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. মাহবুবুর রহমান।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে প্রশিক্ষণ প্রদান করেণ উপ-পরিচালক (ট্রেনিং) সাজেদুল বারী, ঝিনাইদহ এরিয়ার সেলস ম্যানেজার হুমায়ন কবীর উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান পরিচালনা করেন সহকারী সেলস ম্যানেজার টিপু সুলতান। দুই শতাধিক ব্রাঞ্চ ম্যানেজার ও ইউনিট ম্যানেজার এ কনফারেন্সে অংশ গ্রহন করেন। কফারেন্সে প্রধান অতিথি তার বক্তব্যে বীমা গ্রাহকদের বিভিন্ন প্রকার সুযোগ সুবিধা নিয়ে কথা বলেন এবং গ্রাহকদের কাছে বাড়তি কোন প্রতিশ্রুতি না দিয়ে সবসময় সত্য কথা এবং প্রকৃত সুবিধার কথা তুলে ধরতে হবে। কোম্পানির প্রডাক্টস্ সম্পর্কে গ্রাহকদের ভাল ভাবে বুঝাতে হবে এবং সময় দিতে হবে তাহলে আলফা ইসলামী লাইফ ইন্সুরেন্সে মানুষ বীমা করবে আপনারাও আর্থিক ভাবে সুবিধা ভোগ করবেন।

ঝিনাইদহে তামাক গ্রহণ ও ব্যবহার বন্ধে সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ

ঝিনাইদহে তামাক গ্রহণ ও ব্যবহার বন্ধে সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১৫মে) সকালে সিভিল সার্জন সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণের আয়োজন করে জেলা স্বাস্থ্য বিভাগ।

এতে সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা: মেহেদি হাসান, সিনিয়র স্বাস্থ্য শিক্ষা অফিসার আব্দুর রহমানসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, শিক্ষার্থীরা যেন তামাকের প্রতি কোনো ভাবেই আকৃষ্ট না হয় সেই দিকে সকল শিক্ষকদের নজরদারী রাখতে হবে। তামাক সম্পর্কে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধি করতে শিক্ষকরাই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। তামাক গ্রহণে মানুষের শরীরের জন্য মারাত্বক ক্ষতির কারণ। তামাক গ্রহণের ফলে ক্যান্সারের মত মারাত্বক রোগ শরীরে বাসা বাঁধতে পারে। যে কারণে তামাক সেবন থেকে আমাদের সকলকে বিরত থাকতে হবে এবং অন্যকেও সচেতন করতে হবে।

প্রশিক্ষণে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ও বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জনপ্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধিসহ অন্যান্যরা অংশ নেয়।

ঝিনাইদহে পিএমকে’র উদ্যোগে বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান

ঝিনাইদহে যশোর জোনের পল্লী মঙ্গল কর্মসূচী (পিএমকে)’র উদ্যোগে বিনামূল্যে ৭’শ দরিদ্র ও অসহায় মানুষের প্রথমিক চিকিৎসা সেবা

প্রদান ও ঔষধ বিতরণ করা হয়েছে।

আজ বুধবার (১৫মে) সকাল থেকে পিএমকে’র সদর শাখায় স্বাস্থ্য কার্যক্রম এর ধারাবাহিকতায় দরিদ্র ও অসহায় মানুষের বিনামূল্যে প্রথমিক চিকিৎসা, ঔষধ ও পাওয়ার চশমা বিতরণ করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পিএমকে’র যশোর জোনের উপ-পরিচালক ফিরোজ আল মামুন।

এছাড়াও প্রধান কার্যালয়ের প্রোগ্রাম ইনচার্জ ডাঃ মনিরুজ্জামান, গাইনী বিশেষজ্ঞ ডাঃ ফয়েজুন নেছা (রুনু), মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ মোঃ জাহিদ হোসেন, চক্ষু বিশেষজ্ঞ ডাঃ লিমন মিয়াসহ পিএমকে’র ঝিনাইদহ এরিয়া ম্যানেজার হারুনার রশিদ, সদর শাখা ব্যবস্থাপক মোঃ দেলশাদ আলী, যশোর জোনের আইটি অফিসার রোমান মিয়া, জোনাল একাউন্ট অফিসার সাইফুল ইসলামসহ শাখার সকল স্টাফগণ।

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত বৃদ্ধের মৃত্যু

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রেনে কাটা পড়ে অজ্ঞাতপরিচয়ের (৬০) এক বৃদ্ধ ব্যক্তি নিহত হয়েছেন।

আজ মঙ্গলবার(1 দুপুরে মোবারকগঞ্জ রেলস্টেশন সংলগ্ন চাঁচড়া রেলগেট এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ওই ব্যক্তি রেললাইনের ওপর দিয়ে হাটছিলেন। সেসময় ট্রেন আসলেও তিনি লাইন থেকে সরেননি। ফলে ট্রেনের ধাক্কায় ছিটকে পড়ে ঘটনাস্থলে তার মৃত্যু হয়।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন মাস্টার শেখ মামুনুর রশিদ জানান, খবর পেয়ে দুপুর ১টার দিকে চাচড়া এলাকার রেললাইনের পাশ থেকে মরদেহটি উদ্ধার করে থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

এখনো পর্যন্ত ওই ব্যক্তির কোনো পরিচয় পাওয়া যায়নি।

ঝিনাইদহে টিসিবির পণ্য বিক্রয়ের শুভ উদ্বোধন

ঝিনাইদহে মে মাসের ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য বিক্রয় শুরু করেছে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন ট্রেডিং করপোরেশন অব-বাংলাদেশ (টিসিবি)।

আজ মঙ্গলবার (১৪ মে) সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, পৌর কাউন্সিলর আবু বক্করসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা জানায়, এবারও ঝিনাইদহ জেলার ৬ উপজেলায় ১০১ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ হাজার ১’শ ৩৩ জন ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মাঝে এসব পণ্য বিক্রি করা হবে। প্রতিটি ফ্যামিলি কার্ডে ৪’শ ৭০ টাকায় ২ কেজি মসুরের ডাল, ২ লিটার সয়াবিন তেল ও ৫ কেজি চাউল মিলবে।